



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৮৩/২০১৭/১৫৬৬০

তারিখ: ২৬ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

কাছেমাবাদ ছিদ্দিকিয়া কামিল মাদরাসা, ডাকঘর: কাছেমাবাদ, উপজেলা: গৌরনদী, জেলা: বরিশাল-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর ও কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ০৪-০৮-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর ও কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগ নিম্নবর্ণিত শর্তে ০১-০৭-২০২৫ থেকে ৩০-০৬-২০২৮ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. নির্মাণাধীন ভবনে দ্রুত একাডেমিক কার্যক্রম শুরু করতে হবে;
২. মাদরাসার সুষ্ঠু পরিবেশ তৈরির লক্ষ্যে মাদরাসার আঙিনা ও ক্লাসরুমগুলো পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে;
৩. প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জন্য আলাদা ড্রেস কোড ও আইডি কার্ডের ব্যবস্থা করতে হবে;
৪. জমির খাজনা ও নামজারির ব্যবস্থা করতে হবে;
৫. অধ্যক্ষ ও উপাধ্যক্ষের জন্য আলাদা আলাদা আধুনিক আসবাবপত্রসহ নতুন কক্ষ নির্ধারণ করতে হবে;
৬. শ্রেণিকক্ষে আধুনিক বেঞ্চ ও ব্লাকবোর্ড-এর ব্যবস্থা করতে হবে এবং পুরাতন বেঞ্চগুলো ক্লাস রুম থেকে অপসারণ করতে হবে;
৭. মাদরাসার মেইনগেটে “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” সংবলিত সাইনবোর্ড স্থাপন করতে হবে;
৮. শ্রেণিকক্ষে মূল বইয়ের ব্যবহার নিশ্চিত করতে হবে এবং সকল শ্রেণিতে শিক্ষার্থী সংখ্যা বাড়াতে হবে;
৯. আইসিটি শিক্ষকের তত্ত্বাবধানে শিক্ষার্থীদের নিয়মিত কম্পিউটারের ক্লাস নিশ্চিত করতে হবে এবং বিভিন্ন তথ্য ও প্রযুক্তিগত শিক্ষা কোর্স চালু করত: শিক্ষার্থীদের কারিগরিতে দক্ষ করে তুলতে হবে;
১০. শিক্ষার্থীদের ইলমে তাজবীদ ও আরবি ভাষায় কথা বলা ও লেখার দক্ষতা অর্জনের ব্যবস্থা করতে হবে;
১১. স্টক টেকিং কমিটি গঠন করে অকেজো আসবাবপত্র মালামাল চিহ্নিত করে তা নিলামে বিক্রয়ের ব্যবস্থা করতে হবে;
১২. বিভিন্ন জাতীয় দিবস বা অনুষ্ঠানে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে;
১৩. আয় ও ব্যয়ের ভাউচারে অধ্যক্ষের স্বাক্ষর থাকতে হবে;
১৪. প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করত: শিক্ষকদের মধ্যে পারস্পরিক সম্পর্ক উন্নয়নে নিয়মিত মতবিনিময় সভা করতে হবে;
১৫. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব (আরবি ও ইংরেজি) চালু করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে এবং আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;
১৬. শিক্ষার্থীদেরকে কো-কারিকুলার একাটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেয়াত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বার্ষিকী প্রকাশ, বিতর্ক প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
১৭. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস-চ্যান্সেলরের অনুমোদনক্রমে

(মোঃ গিয়াস উদ্দীন)

মাদরাসা পরিদর্শক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, কাছেমাবাদ ছিদ্দিকিয়া কামিল মাদরাসা

ডাকঘর: কাছেমাবাদ, উপজেলা: গৌরনদী, জেলা: বরিশাল।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৮৩/২০১৭/১৫৬৬০

তারিখ: ২৬ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, কাছেমাবাদ ছিদ্দিকিয়া কামিল মাদরাসা, ডাকঘর: কাছেমাবাদ, উপজেলা: গৌরনদী, জেলা: বরিশাল।
৭. অফিস নথি।

(আরিফ আহমদ)

সহকারী মাদরাসা পরিদর্শক